



রামকৃষ্ণ মিশন সারদা বিদ্যাপীঠ

জয়রামবাটী, বাঁকুড়া - ৭২২১৬১

দূরভাষ : ০৩২৪৪-২৪৪৭৬৪

Website : rkmsvjoyrambati.in

।। আগামী শিক্ষাবর্ষে (২০২০) প্রথম শ্রেণি হতে নবম শ্রেণির ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য বিষয় ।।

১। শ্রেণি এবং মাধ্যম :

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত বিদ্যালয়টি ছাত্র-ছাত্রীদের জন্য সম্পূর্ণ অনাবাসিক। আগামী শিক্ষাবর্ষে প্রথম শ্রেণি হতে নবম শ্রেণি পর্যন্ত বাংলা মাধ্যমে ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে।

২। যোগ্যতা :

যে সমস্ত ছাত্র-ছাত্রীদের বয়স আগামী ১লা জানুয়ারি ২০২০ তারিখে ৬ বছর থেকে ৭ বছর সময়সীমার মধ্যে অথবা যাদের জন্ম তারিখ ০১/০১/২০১৩ থেকে ০১/০১/২০১৪ এর মধ্যে সেই সমস্ত ছাত্র-ছাত্রীরা প্রথম শ্রেণিতে ভর্তি হতে পারে এবং যে সমস্ত ছাত্র-ছাত্রীরা এখন চতুর্থ অথবা পঞ্চম শ্রেণিতে পড়ছে এবং যাদের বয়স আগামী ১লা জানুয়ারি ২০২০ তারিখে ১০ বছর থেকে ১১ বছর সময়সীমার মধ্যে অথবা যাদের জন্মতারিখ ০২/০১/২০০৯ এবং ০১/০২/২০১০-এর মধ্যে তারাই পঞ্চম শ্রেণিতে ভর্তি পরীক্ষায় বসতে পারবে। তবে ২০২০ সালের ১লা জানুয়ারি কারও বয়স যদি ১০ বছরের কম হয়, অথচ সে চতুর্থ শ্রেণিতে পড়ছে বা পড়া শেষ করেছে, তারও ভর্তির জন্য আবেদন করতে পারে। যে সমস্ত ছাত্র-ছাত্রীরা চতুর্থ অথবা পঞ্চম শ্রেণিতে অকৃতকার্য হয়ে অথবা অন্য কারণে দ্বিতীয়বার একই শ্রেণিতে পড়ছে অথবা কোন স্কুলে লেখাপড়া করছে না তারা এই পরীক্ষায় বসতে পারবে না।

ছাত্র-ছাত্রীকে অনাবাসিক বিদ্যালয় থেকে লেখাপড়া করার মত শারীরিক ও মানসিক ভাবে সক্ষম থাকা চাই। রামকৃষ্ণ মঠ এবং রামকৃষ্ণ মিশনের ভাবধারায় বিশ্বাসী অভিভাবকবৃন্দই কেবল এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারেন।

৩। আবেদনপত্র, বিদ্যালয়ের নিয়মাবলী সম্বলিত পুস্তিকা (Prospectus), পাঠ্যক্রম এবং নমুনা প্রশ্নপত্র :

- পূরন করা আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে।

ক) জন্ম সার্টিফিকেট (Birth certificate) এর জেরক্স কপি self attested।

খ) আখার কার্ড এর জেরক্স কপি self attested।

গ) চলতি শিক্ষাবর্ষের মার্কশিটের জেরক্স কপি self attested।

ঘ) **SC, ST, OBC** - দের **caste certificate** এর জেরক্স কপি self attested (ছাত্রছাত্রীদের না থাকলে অভিভাবকের)।

ঙ) স্থায়ী বাসিন্দা ও আয়ের এর **certificate** এর original কপি।

- ❖ ডাকযোগে আবেদন পত্র পাঠানো বা জমা নেওয়া হবে না।

আবেদনপত্র, বিদ্যালয়-নিয়মাবলী, পাঠ্যক্রমের রূপরেখা, নমুনা প্রশ্নপত্র সবই বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.rkmsvjoyrambati.in) ২রা সেপ্টেম্বর (সোমবার) থেকে ১লা অক্টোবর (মঙ্গলবার), ২০১৯ পর্যন্ত অনলাইনে পাওয়া

যাবে, 75GSM A4 মাপের সাদা কাগজে সংগ্রহ করতে পারেন। পরীক্ষার আবেদনপত্রের মূল্য ২০০/- (দুই শত টাকা) মাত্র। বিদ্যালয়ে ভর্তির কার্যালয়ে আবেদনপত্রটি জমা দেওয়ার সময় ২০০/- (দুই শত টাকা) নগদে জমা দিতে হবে এবং ঐ সময় Admit Card টি সংগ্রহ করে নিতে হবে (রবিবার ও ছুটির দিন বাদে) বেলা ১১টা থেকে ১:০০ টা পর্যন্ত।

ছাত্র-ছাত্রীদের পিতামাতা অথবা আইনানুগ অভিভাবকের নিজ হাতে যথাযথ ভাবে সম্পূর্ণ (অভিভাবক ও পরীক্ষার্থী সই সহ) পূরণ করা আবেদনপত্র ২রা সেপ্টেম্বর (সোমবার) থেকে ১লা অক্টোবর (মঙ্গলবার), ২০১৯ পর্যন্ত যে কোন কাজের দিন বেলা ১১টা থেকে ১:০০টা পর্যন্ত জমা নেওয়া হবে। **Money Order** অথবা আবেদনপত্র ডাকযোগে পাঠালে তা জমা নেওয়া হবে না।

৪। নির্বাচনী লিখিত পরীক্ষা :

নির্বাচনী পরীক্ষা আগামী ১০ই নভেম্বর (রবিবার), ২০১৯ রামকৃষ্ণ মিশন সারদা বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সীমা বেলা ১২ টা থেকে ২:৪৫ মিনিট পর্যন্ত। ছাত্র-ছাত্রীদের বাংলা, ইংরাজী ও অংক এই তিনটি বিষয়ের লিখিত পরীক্ষা নেওয়া হবে। তিনটি পত্রে বিভক্ত উপরি-উক্ত বিষয়গুলির ওপর মোট ৭৫ (বাংলা-২৫, ইংরাজী-২৫ ও অংক-২৫) নম্বরের লিখিত পরীক্ষা হবে। প্রত্যেক পত্রে পরীক্ষার সময়সীমা ৪৫ (পয়তাল্লিশ) মিনিট।

- পরীক্ষার্থী বর্তমানে যে শ্রেণিতে পড়ছে সেই পাঠ্যপুস্তক ভালোভাবে অধ্যয়ন করবে এবং ঠাকুর রামকৃষ্ণদেব, মা সারদাদেবী ও স্বামী বিবেকানন্দের সম্বন্ধে বাংলা ইংরাজিতে প্রাথমিক ধারণা নিয়ে পরীক্ষা প্রস্তুতি নিবে।

৫। পরীক্ষার ফলাফল :

প্রথম শ্রেণি হতে নবম শ্রেণি পর্যন্ত লিখিত ভর্তি-পরীক্ষার ফলাফল আগামী ১৬ই ডিসেম্বর (সোমবার), ২০১৯ বৈকাল ৪:০০ মিনিটে বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.rkmsvjoyrambati.in) প্রকাশ করা হবে।

- ৬। বিগত বছরের ভর্তি-পরীক্ষার প্রশ্নপত্র কোনভাবে বিতরণ করা হয় না বা বই আকারে প্রকাশিত হয় না। নির্বাচনী পরীক্ষার জন্য বিদ্যালয় কর্তৃক কোন পঠন-পাঠনের ব্যবস্থা নেই।
- ৭। অর্থ অথবা অন্য কোন প্রকার দানের বিনিময়ে ছাত্র ভর্তি করা হয় না।
- ৮। আবেদনপত্রে অভিভাবকের দেওয়া কোন তথ্যে গরমিল বা ভুল থাকলে, সেই আবেদন পত্র পরবর্তীক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।
- ৯। জাতি, বর্ণ ও ধর্ম নির্বিশেষে ছাত্র-ছাত্রীদের এখানে ভর্তি করা হয়। গান, বাজনা, আবৃত্তি প্রভৃতি সহপাঠক্রমিক কার্যাবলীতে (Co-curricular Activity) যোগ্য ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হয়।
- ১০। আর্থিক দিক দিয়ে দুর্বল অথচ মেধাবী কিছু ছাত্র-ছাত্রীদের আর্থিক সুবিধা দেওয়া হয়।
- ১১। রবিবার ও ছুটির দিন বিদ্যালয়ের অফিস বন্ধ থাকবে।

স্বামী জ্যোতির্ময়ানন্দ
সম্পাদক